

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
জেডার, এনজিও এন্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন ইউনিট
আনসারি ভবন (৫তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০



নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯.১৫৫৬

তারিখঃ ১০/১০/২০২২ খ্রি:

বিষয়ঃ আগামী ১৬-২০ অক্টোবর, ২০২২ খ্রি: মেয়াদে অনুষ্ঠেয় “Gender Responsive Budgeting” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির জন্য প্রার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর জেডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও উভয়ের অধীন দপ্তর/ সংস্থা/হাসপাতালে কর্মরত কর্মকর্তাদের জন্য ০৫ (পাঁচ) কর্মদিবসব্যাপী “Gender Responsive Budgeting” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করতে যাচ্ছে। স্বাস্থ্য বিধি মেনে সীমিত পরিসরে আগামী ১৬-২০ অক্টোবর, ২০২২ খ্রি: মেয়াদে অনুষ্ঠেয় এ কোর্সটি স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সম্মেলনকক্ষে (কক্ষ নং ৪০৮, ৪র্থ তলা, আনসারি ভবন, ১৪/২ তোপখানা রোড, ঢাকা) সকাল ৮ টা থেকে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে কর্মরত উপপরিচালক পর্যায়ের ১ (এক) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল। মনোনীত কর্মকর্তাগণের ই-মেইল ও মোবাইল নম্বরসহ তালিকা পূর্বাঞ্চে জিএনএসপি ইউনিটে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইলে সরবরাহের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা যাচ্ছে।

০৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদেরকে সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।

(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

মোবাইল: ০১৭১৬৮১৭৫৬৮

ই-মেইল: msrk_6415@yahoo.com

পরিচালক
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল
ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা।

২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়